

১লা মার্চ ২০২৩

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক/ এসাইনমেন্ট অফিসার

বিষয়: আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত গণসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সংবাদটি প্রকাশ/প্রচারের জন্য বহুল প্রচারিত জাতীয় দৈনিক/ দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল/ বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক/ ক্যামেরা ক্রু পাঠানোর জন্য অনুরোধ

জনাব

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র ও কর্মজীবী নারী'র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানবেন।

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, গৃহকর্মীদের অধিকার, মর্যাদা ও সুরক্ষায় লক্ষ্যে অক্সফাম বাংলাদেশ ও গ্লোবাল এ্যাফেয়ার্স কানাডা-এর অর্থায়ন ও সহযোগিতায় সাতটি সংস্থা যৌথভাবে 'সিকিউরিং রাইটস্ অব ওমেন ডোমেস্টিক ওয়ার্কার ইন বাংলাদেশ'/সুনীতি' নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। ঢাকায় কর্মরত গৃহকর্মীদের জীবনমান উন্নয়ন এবং তাদের শ্রমিক হিসেবে অধিকার ও মর্যাদা নিশ্চিত করা এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

'৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩' কে সামনে রেখে 'সুনীতি' প্রকল্পের এ সকল গৃহকর্মীদের সচেতন করা এবং তাদের অধিকার বিষয়ে মতামত তুলে ধরার লক্ষ্যে প্রায় ৫০০ গৃহকর্মীর অংশগ্রহণে এক 'গণসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান'-এর আয়োজন করা হয়েছে। যেখানে মানবাধিকার ও নারীর ক্ষমতায়ন বিষয়ে দীর্ঘদিন ধরে যুক্ত বিশিষ্টজন এবং নীতিনির্ধারণকণ উপস্থিত থাকবেন ও গৃহকর্মীদের অধিকার আদায়ের প্রচেষ্টার সাথে সংহতি জ্ঞাপন করবেন।

অনুষ্ঠান : আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উপলক্ষ্যে গণসমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

প্রতিপাদ্য : " ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেল্ডার বৈষম্য করবে নিরসন "

DigitALL: Innovation and technology for gender equality

তারিখ, স্থান ও সময় : ০২ মার্চ ২০২৩, বৃহস্পতিবার, বিকাল ০৩ : ০০ টা, রবীন্দ্র সরোবর মঞ্চ, ধানমন্ডি, ঢাকা।

সম্মানিত অতিথি : শিরিন আখতার এমপি., রাশেদা কে চৌধুরী, মাহফুজা খানমসহ বিশিষ্টজন

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক/ দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল/ বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক/ ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

আন্তরিক ধন্যবাদসহ,

রাজশ্রী গায়ন, প্রকল্প সমন্বয়ক, দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র,
যোগাযোগ : ০১৭১৪১১০৫২৬

ফারহানা আফরিন তিথি, প্রকল্প সমন্বয়ক, কর্মজীবী নারী
যোগাযোগ : ০১৮১২৮৬৮২৮২